

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৭৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৭৯]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ১২: অন্য আর এক প্রকার বর্ণনা

باب نَوْعُ آخَرُ

আরবী

أَخْبَرَنَا أَبُو دَاوُدَ، قَالَ: حَدَّثَنَا أَبُو عَلِيٍّ الْحَنْفِيُّ، قَالَ: حَدَّثَنَا هِشَامُ صَاحِبُ الدَّسْتَوَائِيَّ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ: كَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي يَوْمٍ شَدِيدِ الْحَرِّ، فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِأَصْحَابِهِ فَأَطَالَ الْقِيَامَ حَتَّى جَعَلُوا يَخِرُّونَ، ثُمَّ رَكَعَ فَأَطَالَ، ثُمَّ رَفَعَ فَأَطَالَ، ثُمَّ رَكَعَ فَأَطَالَ، ثُمَّ رَفَعَ فَأَطَالَ، ثُمَّ سَجَدَ سَجْدَتَيْنِ، ثُمَّ قَامَ فَصَنَعَ نَحْوًا مِنْ ذَلِكَ، وَجَعَلَ يَتَقَدَّمُ ثُمَّ جَعَلَ يَتَأَخَّرُ، فَكَانَتْ أَرْبَعَ رَكَعَاتٍ وَأَرْبَعَ سَجَدَاتٍ، كَانُوا يَقُولُونَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لَا يَخْسِفَانِ إِلَّا لِمَوْتِ عَظِيمٍ مِنْ عُظَمَائِهِمْ، وَإِنَّهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ يُرِيكُمُوهُمَا، فَإِذَا انْخَسَفَتْ فَصَلُّوا حَتَّى تَنْجَلِيَ .

তখরিজ দারالدعوহ: صحيح مسلم/الكسوف ٣ (٩٠٤)، سنن ابى داود/الصلاة ٢٦٢

(١١٧٩)، (تحفة الأشراف: ٢٩٧٦)، مسند احمد ٣/٣٧٤، ٣٨٢ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1479 - صحيح

বাংলা

১৪৭৮. আবু দাউদ (রহ.) জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার রসূলুল্লাহ (সা.)-এর যামানায় ভীষণ গরমের দিনে সূর্যের গ্রহণ লেগে গেল। তখন রসূলুল্লাহ (সা.) তার সাহাবীদের নিয়ে সালাত আদায় করলেন এবং দাঁড়ানোকে এত দীর্ঘায়িত করলেন যে, সাহাবীরা পড়ে যেতে লাগলেন। অতঃপর রুকু করলেন এবং তা দীর্ঘায়িত করলেন, এরপর মাথা উঠালেন এবং তা দীর্ঘায়িত করলেন। পরে রুকু করলেন এবং

তা লম্বা করলেন, পরে মাথা তুললেন, আর তা দীর্ঘায়িত করলেন। অতঃপর দু'টি সাজদাহ্ করলেন, এরপর দাঁড়ালেন এবং অনুরূপ করলেন। আর কখনো সামনে এগিয়ে যেতে লাগলেন এবং কখনো পিছনে সরে যেতে লাগলেন এভাবে মোট চার রুকু এবং চার সাজদাহ্ হলো। লোকেরা বলতো যে, তাদের কোন বড় ব্যক্তির মৃত্যু ছাড়া চন্দ্র-সূর্য গ্রহণ হয় না। অথচ সূর্য ও চন্দ্র গ্রহণ হলো আল্লাহ নিদর্শনসমূহের দু'টি নিদর্শন যা আল্লাহ তোমাদের দেখান। অতএব যখন সূর্যগ্রহণ লাগে তখন। তোমরা সূর্য আলোকিত না হওয়া পর্যন্ত সালাত আদায় করবে।

English

Another version

It was narrated that Jabir bin 'Abdullah said: The sun eclipsed during the time of the Messenger of Allah (ﷺ) on a very hot day. The Messenger of Allah (ﷺ) led his companions in prayer, and he stood for so long that they started to fall over. Then he bowed for a long time, then he stood up (and remained standing) for a long time. Then he bowed again for a long time, then he stood up (again) and (remained standing) for a long time. Then he prostrated twice, then he stood up and did the same again. He started to move forward, then he started to step back. He bowed four times and prostrated four times. They used to say that eclipses of the sun and moon only happened when one of their great men died, but they are two of the signs of Allah (SWT) that He shows to you, so when an eclipse happens, pray until it is over.

ফুটনোট

সহীহ: মুসলিম ৯০৪, আবু দাউদ ১১৭৯, সহীহ ইবনু খুযায়মাহ্ ১৩৮০, সহীহ আবু দাউদ ১০৭০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89974>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন